মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৬/০২/২০২০ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারী দিবস'২০২০ উপলক্ষে ষান্মাষিক র‍্যালী করা প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৬/০১/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারী দিবস' ২০২০ উপলক্ষে ষান্মাষিক র‍্যালী করা প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, নারী ও শিশুর উন্নয়নে মেহেরপুর পৌরসভা কতৃক জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে UGIIP-III প্রকল্পের নির্দেশনা মোতাবেক মেহেরপুর পৌরসভায় আন্তর্জাতিক নারী দিবস ২০২০ উদযাপন করা জরুরী। আগামী ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস। সভাপতি মহোদয় বলেন, "**প্রজন্ম হোক সমতার, সকল নারীর অধিকার**" প্রতিপাদ্যকে সামনে করে এবারের নারী দিবস অত্যান্ত জাকযমক পূর্ণ্যভাবে উদযাপন করতে হবে। দিবসটি কিভাবে উদয়াপন করা হবে এব্যাপারে মতামত প্রদানের জন্য তিনি উপস্থিত সকলকে আহবান করেন। বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনান্তে মেয়র মহোদয় বলেন, আগামী ৮ই মার্চ দিবসটি পালন করা হবে। দিবসটি পালনের জন্য তিনি নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিবকে	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	যাবতীয় প্রস্তুতি গ্রহণের অনুরোধ করেন। র‌্যালীটি যাকজমকপূর্ণ ভাবে করার জন্য প্রয়োজনীয় লাল ক্যাপ, ফেষ্টুন, ব্যানার, নাস্তাসহ বিভিন্ন ওয়ার্ড থেকে র‌্যালীর আয়োজনের নির্দেশ দেন। সম্ভব সকল আয়োজন সম্পন্ন করার জন্য তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশ দেন। এ ব্যাপারে তিনি সার্বিক সহযোগিতা করবেন বলে সভায় উল্লেখ করেন। তিনি সমস্ত অনুষ্ঠানটি ভিডিও করার জন্য বলেন।	
বিবিধ	জনাবা মোছাঃ আলপনা খাতুন, মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান দারিদ্রতা দুরিকরণের ক্ষেত্রে খুবই জরুরী। তিনি বলেন, মেহেরপুর পৌরসভায় গত বছর হতে কোন কর্মমূখী প্রশিক্ষণ প্রদান করা হয়নি। বর্তমানে প্রকল্পের স্বার্থে নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান জরুরী। তিনি বলেন, এই বছরে এটি তৃতীয় কোয়াটার। আগামী কোয়াটারে যদি প্রশিক্ষণ প্রদান করা না হয় তা হলে এই বছরেও কোন প্রশিক্ষণ প্রদান করা হবেনা। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্ঠি আকর্ষণ করেন। মেয়র মহোদয় বলেন, সকলের সহিত আলাপ আলোচনা করে আগামী কোয়াটারে নারীদের কর্মমুখী প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি অসহায় এবং দরিদ্র নারীদের নির্বাচন করার জন্য সকল কাউন্সিলর মহোদয়কে অনুরোধ করেন। নির্বাচিত নারীদের থেকে বাছাই করে ২৫/৩০ জন নারীকে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৬/০২/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৮	মো: আমিনুল ইসলাম	LeDA (UGIIP-3)	
৯			